

2 0 1 4

BENGALI

(ELECTIVE)

Full Marks : 100

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

General Instructions :

- (i) Write all the answers in the Answer Script.
- (ii) Attempt Part—A Objective-type Questions serially.
- (iii) Attempt all parts of a question together at one place.

(PART : A—OBJECTIVE)

(Marks : 50)

SECTION—I

(Marks : 25)

১। সঠিক শব্দটি বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে কোনো পাঁচটি) : $১ \times ৫ = ৫$

(ক) তবে অনুকরণে গুরুতর — আছে।

(সুবিধাও / অসুবিধাও / কুফলও)

(খ) সঙ্গীতে শত্রুকে — করা যায়।

(হত্যা / মিত্র / মুক্ত)

(2)

- (গ) দেখব শুধু মুখখানি, শুনাও যদি শুনব ——— ।
(গান / কথা / বাণী)
- (ঘ) তারা বলে গেল ——— সবে, বলে গেল ভালোবাস ।
(ক্ষমা কর / দয়া কর / মনে কর)
- (ঙ) শ্রীরাম লক্ষ্মণ আর জনকের ——— ।
(পিতা / দাদা / বালা)
- (চ) কুকথায় পঞ্চমুখ কণ্ঠভরা ——— ।
(বিষ / মধু / অমৃত)
- (ছ) হয়তো দেখিবে চেয়ে ——— উড়িতেছে সন্ধ্যার বাতাসে ।
(পাখি / বক / সুদর্শন)
- (জ) চতুর্দশ বৎসর পালিয়া ——— ।
(পিতৃবাক্য / মাতৃবাক্য / দেববাক্য)

২। সত্য অথবা মিথ্যা নির্ণয় করে উত্তরপত্রে লেখ (যে কোনো দশটি) : $১ \times ১০ = ১০$

- (ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম গ্রন্থের নাম 'শ্রীকৃষ্ণকীর্তন' ।
- (খ) কাশীরাম দাস 'মহাভারত'-এর অনুবাদক ।
- (গ) চাঁদ সওদাগর 'চণ্ডীমঙ্গল' কাব্যের চরিত্র ।
- (ঘ) 'পূর্বরাগ' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা ।
- (ঙ) প্রতাপাদিত্য 'প্রায়শ্চিত্ত' নাটকের চরিত্র ।
- (চ) 'মনসামঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি মুকুন্দ চক্রবর্তী ।

HS/XII/A/b/14/35

(3)

(ছ) 'আবার আসিব ফিরে' কবিতাটি জীবনানন্দ দাশের লেখা।

(জ) ধনঞ্জয় বৈরাগী প্রতাপাদিত্যের পিতা।

(ঝ) যে ভালোবাসে, সেই অত্যাচার করে।

(ঞ) 'পাদুকা গ্রহণ' কবিতায় লক্ষ্মণ রামচন্দ্রকে নিতে এসেছিল।

(ট) 'দশাননের বিলাপ' কবিতাটি বিদ্যাপতির লেখা।

(ঠ) 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থটি রচনা করেন গোবিন্দ দাস।

(ড) নারায়ণ দেব 'মনসামঙ্গল' কাব্যের বিখ্যাত কবি।

৩। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

১×১০=১০

(ক) 'চর্যাপদ' কে আবিষ্কার করেন ?

(খ) 'প্রশ্ন' কবিতাটি কার লেখা ?

(গ) 'শ্রীচৈতন্যভাগবত' গ্রন্থের রচয়িতা কে ?

(ঘ) বসন্ত রায় কোন্ নাটকের চরিত্র ?

(ঙ) ধানসিঁড়ি নদী কোন্ কবিতায় আছে ?

(চ) 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধটি কার লেখা ?

(4)

- (ছ) বেতলা কোন্ মঙ্গলকাব্যের চরিত্র ?
- (জ) ‘আবার আসিব ফিরে’ কবিতায় কবি কোথায় ফিরে আসতে চান ?
- (ঝ) ‘দশাননের বিলাপ’ কবিতায় রাবণের মন্ত্রীর নাম কী ?
- (ঞ) “ভাল ভাগ্য পাটনীর তারে করে পার”—কোন্ কবিতার অংশ ?
- (ট) ধর্মমঙ্গল কাব্যের একজন কবির নাম লেখ ।
- (ঠ) “যে কথার প্রমাণ দিতে পারিবে না, তাহা লিখিও না ।” কোন্ রচনার অংশ ?
- (ড) “আমার সন্তান যেন থাকে দুখে ভাতে ।” কার উক্তি ?

SECTION—II

(Marks : 25)

৪। যে কোনো পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৫×৫=২৫

- (ক) “নিশার স্বপন সম তোর এ বারতা, রে দূত ।” কে, কাকে, কোন্ প্রসঙ্গে এ কথা বলেছে ?
- (খ) “এ তো মেয়ে মেয়ে নয়, দেবতা নিশ্চয় ।” কে, কখন, কার বিষয়ে এ কথা বলেছে ?
- (গ) “আজ তোমাকে দেখতে এলেম অনেক দিনের পরে ।” কে, কাকে দেখতে, কোথায় এসেছিলেন ?

(5)

- (ঘ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকে প্রতাপাদিত্য কী কারণে তার জামাতাকে মৃত্যুদণ্ড দিতে চেয়েছিল ?
- (ঙ) বৈষ্ণব পদাবলীর যে কোনো পাঁচজন পদকর্তার নাম লেখ ।
- (চ) ‘চর্যাপদ’ কোন্ সময়ের রচনা ? এটি কোন্ ভাষায় লেখা ?
- (ছ) অনুকরণ সম্বন্ধে বঙ্কিমচন্দ্রের যে কোনো একটি অভিমত নিজের ভাষায় লেখ ।

(PART : B—DESCRIPTIVE)

(Marks : 50)

৫। যে কোনো একটি অংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা কর :

৮

- (ক) “অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ ।
কোনো গুণ নাই তার কপালে আগুন ॥”
- (খ) “অযোধ্যা ভূষণ তুমি অযোধ্যার সার ।
তোমা বিনা অযোধ্যা দিবসে অন্ধকার ॥”
- (গ) “ঠাকুরকে ফাঁকি দিয়ে তোমাকে খাজনা দিতে পারবো না ।”

(6)

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) ‘বাঙ্গালার ইতিহাস’ প্রবন্ধে অবলম্বনে বঙ্কিমচন্দ্র বাংলার প্রাচীন ইতিহাস না থাকার যে কারণগুলি দেখিয়েছেন, সেগুলি আলোচনা কর।
- (খ) ‘পূর্বরাগ’ বলতে কি বোঝ? ‘পূর্বরাগ’ পদটির বিষয়বস্তু আলোচনা কর।
- (গ) ‘অনুকরণ’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের বক্তব্য নিজের ভাষায় লেখ।

৭। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) ‘প্রশ্ন’ কবিতায় কবি কার কাছে, কি প্রশ্ন করেছেন? কবিতাটি আলোচনা করে এই প্রশ্নটি বুঝিয়ে দাও।
- (খ) ‘দশাননের বিলাপ’ কবিতাটি কোন্ মূল গ্রন্থ থেকে নেওয়া? দশানন কার জন্য, কেন বিলাপ করছিলেন—প্রসঙ্গ উল্লেখ করে লেখ।
- (গ) ভালবাসা কখনো কি অত্যাচারে পরিণত হতে পারে? বঙ্কিমচন্দ্রের ‘ভালবাসার অত্যাচার’ প্রবন্ধে অবলম্বন করে বিষয়টি আলোচনা কর।

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) ‘প্রায়শ্চিত্ত’ নাটকের নামকরণের সার্থকতা বিচার কর।
- (খ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকে কার পাপের প্রায়শ্চিত্ত, কাদের করতে হয়েছে, আলোচনা কর।
- (গ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকের প্রধান পুরুষ চরিত্রগুলির মধ্যে যে কোনো একটি চরিত্রের বিশ্লেষণ কর।

(7)

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১২

(ক) ‘মনসামঙ্গল’ কাব্যের মূল কাহিনী সংক্ষেপে লেখ।

(খ) ‘চৈতন্যচরিতামৃত’ অথবা ‘চৈতন্যভাগবত’ সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

(গ) রামপ্রসাদ অথবা ভারতচন্দ্র সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

(ঘ) টীকা লেখ (যে কোনো দুটি) :

চর্যাপদ ; বিদ্যাপতি ; মুকুন্দ চক্রবর্তী ; কৃত্তিবাস ; মালাধর বসু।
